65

ভোরের কাগজ

তারিখ AUG. 09.1999
পৃষ্ঠা ২ কলাম ৬

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# বাস সার্ভিস ফের চালুর জন্য ছাত্রদের আন্দোলন অবরোধের রূপ নিয়েছে

চ.বি সংবাদদাতা : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্র পরিবহন বাস সার্ভিস পুনরায় চালুর দাবিতে ছাত্রঐক্য ঘোষিত ক্লাস ও পরীক্ষা বর্জনের কর্মসূচি কার্যত অবরোধে রূপ নিয়েছে। ছাত্রঐক্য গতকাল রোববারও ক্যাম্পাসে কোনো যানবাহন চলতে দেয়নি। ছাত্রঐক্য আজ ছাত্র গণজমায়েত এবং ছাত্রশিবির সর্বাত্মক ধর্মঘটের কর্মসূচি ঘোষণা করেছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবং সাম্প্রদায়িকতাবিরোধী ছাত্রঐক্য ক্যাম্পাসে পুনরায় ছাত্র বাস চালুর বিষয়ে অনড় অবস্থানে থাকায় বিশ্ববিদ্যালয় পরিস্থিতি ক্রমশ ঘোলাটে আকার ধারণ করছে। গত শনিবার অনুষ্ঠিত সিন্ডিকেট বৈঠকে বাস সার্ভিসের বিষয়টি আলোচিত হলেও সিন্ডিকেট পূর্বের সিদ্ধান্তে অটল রয়েছে বলে জানা গেছে। সূত্র জানায়, কর্তৃপক্ষ আগামী ১৩ আগস্ট পর্যন্ত ক্যাম্পাস পরিস্থিতি পর্যবেক্ষণ করবে।

গত শনিবারের মতো ছাত্রঐক্য গতকালও ১নং গেটে ব্যারিকেড দিলে শিক্ষক-কর্মকর্তারা হেঁটে অফিসে যেতে বাধ্য হন। এমবিএ (ফিন্যান্স) এর একটি পরীক্ষা ছাড়া গতকালও কোনো ক্লাস বা পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। সকালে ছাত্রঐক্য নেতারা সাধারণ ছাত্রছাত্রীদের নিয়ে ক্যাম্পাসে মিছিল করে এবং প্রশাসনিক ভবনের সামনে প্রতিবাদ সমাবেশ করেছে।

সাম্প্রদায়িকতাবিরোধী ছাত্রঐক্য নেতৃবৃন্দ ঘোষণা দিয়েছেন, আজ সোমবারের মধ্যে তাদের দাবি মানা না হলে তারা আগামীকাল থেকে লাগাতার হরতাল কর্মসূচি পালন করবে। ঐক্য নেতারা বলেছেন, মঙ্গলবার থেকে ভিসিসহ শিক্ষকদের পায়ে হেঁটে অফিসে যেতেও বাধা দেওয়া হবে।